মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা
ওয়েবসাইট : www.comillaboard.gov.bd



স্মারক নং: উমা/পরী/২০২৬/২১৬৫ তারিখ: ২৮/১০/২০২৬ খ্রি.

সূত্র: ঢাবো/পনি/৮৬৮

সংশোধিত প্রেস বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, আগামী ৩১ অক্টোবর ২০২৬ খ্রি. সকাল ১১:০০ ঘটিকায় এইচএসসি ও সমমান পরীক্ষা ২০২৬-এর ফলাফল প্রকাশ অনুষ্ঠান শিক্ষা মন্ত্রনালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সভা কক্ষে অনুষ্ঠিত হবে। ফলাফল প্রকাশ অনুষ্ঠান উদ্বোধন করবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রনালয়ের মাননীয় মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন,এমপি। উক্ত অনুষ্ঠান উদ্বোধনের সাথে সাথেই ফলাফল স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান থেকে এবং অনলাইনে একযোগে প্রকাশিত হবে। নিম্ন লিখিত যে কোন পদ্ধতিতে স্ব-স্ব প্রতিষ্ঠানের Result sheet download করা যাবে এবং এসএমএস-এর মাধ্যমে পরীক্ষার্থীরা তাদের ফলাফল জানতে পারবে।

(১) কুমিল্লা শিক্ষাবোর্ডের ওয়েবসাইট www.comillaboard.gov.bd-এ শিক্ষা প্রতিষ্ঠানের EIIN এন্ট্রি করে প্রতিষ্ঠানভিত্তিক Result sheet download করা যাবে।

(২) www.eduboardresults.gov.bd এবং www.educationboardresults.gov.bd ওয়েবসাইটে গিয়েও শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ কুমিল্লা শিক্ষাবোর্ড সিলেক্ট করে প্রতিষ্ঠানের EIIN এর মাধ্যমে প্রতিষ্ঠান ভিত্তিক Result Sheet download/print করতে পারবে।

(৩) পরীক্ষার্থীগণ পরীক্ষার ফলাফল স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান থেকেও সংগ্রহ করতে পারবে।

(৪) পরীক্ষার্থীগণ শিক্ষাবোর্ডসমূহের কমন ওয়েবসাইট www.educationboardresults.gov.bd এবং শিক্ষাবোর্ডের ওয়েবসাইটে থেকে রোল ও রেজিস্ট্রেশন নম্বর দিয়ে পরীক্ষার ফলাফল সংগ্রহ করতে পারবে।

(৫) পরীক্ষার ফলাফল প্রকাশের পর SMS-এর মাধ্যমে নিম্নোক্ত উপায়ে ফল সংগ্রহ করা যাবে:
HSC Board name (first 3 letters) Roll Year টাইপ করে 16140 নম্বরে পাঠাতে হবে।
উদাহরণ: HSC COM 123456 2026 Send to 16140

(৬) পুন:নিরীক্ষণের জন্য অনলাইনের মাধ্যমে **০১/১১/২০২৬ খ্রি. থেকে ০৭/১১/২০২৬ খ্রি.** পর্যন্ত আবেদন গ্রহণ করা হবে। আবেদন প্রক্রিয়া ও প্রয়োজনীয় নির্দেশনা কুমিল্লা শিক্ষাবোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

বি. দ্র. শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষাবোর্ড এবং পত্রিকা অফিসে পরীক্ষার ফলাফল পাওয়া যাবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৮/১০/২০২৬

প্রফেসর ড. মো. শফিকুল ইসলাম
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন : ০২৩৩৪৪০৬১৭২